

প্রফেসর নিয়াজ আহমদ খান

অধ্যাপক নিয়াজ আহমদ খান, পিএইচডি মহামান্য রাষ্ট্রপতি এবং চ্যান্সেলর কতৃক ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিযুক্ত হয়েছেন। এছাড়া তিনি ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ (আইইউবি) এর সদ্য সাবেক উপাচার্য (ভারপ্রাপ্ত) এবং ব্র্যাক ইনস্টিটিউট অফ গভর্নেন্স এন্ড ডেভেলপমেন্ট ও ন্যাশনাল ডিফেন্স কলেজ (এনডিসি) এর সিনিয়র একাডেমিক এডভাইজর। তাঁর কর্মজীবন ও অভিজ্ঞতা ‘শিক্ষা-গবেষণা’ ও ‘প্রয়োগিক উন্নয়ন ব্যবস্থাপনা’ - এই দুটি ধারায় সমৃদ্ধ। তিনি পৃথিবীর অন্যতম প্রধান ও খ্যাতিমান পরিবেশবাদী সংগঠন - ইন্টারন্যাশনাল ইউনিয়ন ফর কনজারভেশন অফ নেচার (আইইউসিএন) এর বাংলাদেশ দপ্তরের প্রধান ছিলেন। তিনি এর পূর্বেও উন্নয়ন ও পরিবেশ ব্যবস্থাপনা গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন; যেমন - ইউএনডিপি - বাংলাদেশ এর সিনিয়র প্রোগ্রাম কো-অর্ডিনেটর (পার্বত্য চট্টগ্রাম), এশিয়ান উন্নয়ন ব্যাংক এর বন ও প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিশেষজ্ঞ এবং পিকেএসএফ এর অপারেশন্স ম্যানেজার।

শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে তিনি অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের কুইন এলিজাবেথ হাউজে ‘দক্ষিণ এশিয়া ফেলো’, ওয়েলস বিশ্ববিদ্যালয়ের ‘রিসার্চ ফেলো’, অ্যামেরিকান ইউনিভার্সিটি ইন কায়রোতে ‘ডিস্টিংগুইশ্ড ভিজিটিং রিসার্চার’; এশিয়ান ইউনিভার্সিটি ফর উইম্যানের ‘ডিস্টিংগুইশ্ড ভিজিটিং প্রফেসর’; চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের লোকপ্রশাসন বিভাগের ‘অধ্যাপক’, এবং থাইল্যান্ডের এশিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজির ‘এশিয়া রিসার্চ ফেলো’ র দায়িত্ব পালন করেছেন। এছাড়াও তিনি বিশ্বব্যাংক, জাতিসংঘ, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক, আমেরিকান আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা, যুক্তরাজ্য সরকারের সোয়ানসি-বে রেশিয়াল ইকুইটি কাউন্সিল এবং বাংলাদেশ সরকারের বিভিন্ন কর্মসূচিতে উপদেষ্টা ও পরামর্শক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

প্রফেসর খান যুক্তরাজ্যের ওয়েলস বিশ্ববিদ্যালয় থেকে সম্মাননা-সহ পিএইচডি ডিগ্রী অর্জন করেন এবং অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়, সোয়ানসি বিশ্ববিদ্যালয় এবং এশিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজিতে পোস্ট ডক্টরাল গবেষণা সম্পাদন করেন। তৎপূর্বে তিনি এসএসসি (মানবিক), এইচএসসি (মানবিক), স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে সর্বত্র প্রথম শ্রেণিতে/বিভাগে প্রথম স্থান অর্জন করেছিলেন। তিনি ১৭০ টির বেশি গবেষণামূলক প্রবন্ধ ও বইয়ের রচয়িতা। তিনি নিয়মিতভাবে সরকারের উচ্চপর্যায়ের ও নাগরিক সমাজের বিভিন্ন কমিটি এবং প্রতিষ্ঠানের পরিচালনা পর্যদের সদস্য হিসেবে পরিবেশ ও টেকসই উন্নয়ন নিয়ে সরব ভূমিকা রেখেছেন। এছাড়াও তিনি বিশেষজ্ঞ প্রশিক্ষক, গবেষণা নির্দেশক, শিক্ষা উপদেষ্টা হিসেবে প্রধান জাতীয় প্রতিষ্ঠানসমূহে (যেমন ন্যাশনাল ডিফেন্স কলেজ, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি, ফরেন সার্ভিস বাংলাদেশ, আর্মি আটলারি সেন্টার এন্ড স্কুল এবং বাংলাদেশ আনসার ভিডিপি একাডেমীতে) নিয়মিত দায়িত্ব পালন করছেন।

(যোগাযোগঃ ০১৭১১৩৬৪৪৬২, niaz.khan@yahoo.com)